


নির্মাণাধীন MRT Line-6 এর রুট এলাইনমেন্ট ও স্টেশন



মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী গত ১১ জুন, ২০১৪ তারিখ MRT Line-6-এর উত্তরা ডিপো এলাকার ভূমি উন্ময়ন কাজের শুভ উদ্বোধন করেন



মাননীয় প্রধানমন্ত্রী গত ২৬ জুন, ২০১৬ তারিখ বাংলাদেশের প্রথম মেট্রোরেল-এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন



ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড -এর ব্যবস্থাপনা পরিচালক এবং MRT Line-6-এর প্রকল্প পরিচালক গত ১৭ নভেম্বর, ২০১৭ তারিখ MRT Line-1 এর জন্য প্রস্তাবিত পূর্বাচল ডিপোর স্থান পরিদর্শন করেন



ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪

৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড

ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

www.dmtc.org.bd

ডিসেম্বর, ২০১৭

ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার জন্য একটি পরিকল্পিত ও সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে প্রণীত Strategic Transport Plan (STP) সংশোধন ও হালনাগাদ করে Revised Strategic Transport Plan (RSTP) 2015-2035 প্রণয়ন করা হয়েছে। Revised Strategic Transport Plan (RSTP) 2015-2035 - তে পাঁচটি Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল নির্মাণের পরিকল্পনা অন্তর্ভুক্ত আছে। এগুলো হলো:

- MRT Line-1
- MRT Line-2
- MRT Line-4
- MRT Line-5
- MRT Line-6


এ সকল Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল-এর পরিকল্পনা, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য গত ০৩ জুন, ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়েছে। DMTCL প্রথম পর্যায়ে MRT Line-6 নির্মাণ করছে। দ্বিতীয় পর্যায়ে MRT Line-1 এবং MRT Line-5 নির্মাণের লক্ষ্যে Feasibility Study পরিচালনা করছে। তৃতীয় পর্যায়ে MRT Line-2 এবং MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।



RSTP অনুযায়ী ৫টি MRT Line-এর রুট এলাইনমেন্ট

MRT Line-5 নির্মাণের অগ্রগতি


MRT Line-5 নির্মাণের লক্ষ্যে JICA-এর সহায়তায় Feasibility Study চলছে। আশা করা যায়, আগামি ডিসেম্বর ২০১৭ মাসের মধ্যে Feasibility Study এর কাজ সম্পন্ন হবে।



MRT Line-5: সম্ভাব্য রুট এলাইনমেন্ট ও স্টেশন

MRT Line-1 নির্মাণের অগ্রগতি

MRT Line-1 নির্মাণের লক্ষ্যে JICA'র সহায়তায় Feasibility Study সমাপ্তির পথে। বৈদেশিক সহায়তায় MRT Line-1-এর Engineering Service (Detailed Design) করার নিমিত্তে প্রণীত Technical Assistance Project Proposal (TPP) অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন আছে। বিস্তারিত নকশা প্রণয়নের জন্য গত ২৯ জুন ২০১৭ তারিখ JICA'র সঙ্গে ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ প্রকল্পের আওতায়ই বাংলাদেশের প্রথম আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে।



MRT Line-1: সম্ভাব্য রুট এলাইনমেন্ট ও স্টেশন

এক নজরে নির্মাণাধীন MRT Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেল

প্রকল্পের নাম	: Dhaka Mass Rapid Transit Development Project		
বাস্তবায়নকারী সংস্থা	: Dhaka Mass Transit Company Limited (DMTCL)		
বিভাগ	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ		
মন্ত্রণালয়	: সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়		
প্রকল্পের উদ্দেশ্য	: ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত ও পরিবেশবান্ধব আধুনিক গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন		
প্রকল্প ব্যয়	মোট	২১,৯৮৫.০৭ কোটি টাকা	
	প্রকল্প সাহায্য	১৬,৫৯৪.৫৯ কোটি টাকা	
	জিওবি	৫,৩৯০.৪৮ কোটি টাকা	
অর্থায়ন	: বাংলাদেশ সরকার Japan International Cooperation Agency		
প্রকল্প মেয়াদ	: জুলাই, ২০১২ - জুন, ২০২৪		
বিশেষ উদ্যোগে চালু	: ডিসেম্বর, ২০১৯ (উত্তরা তৃতীয় পর্ব থেকে আগারগাঁও) ডিসেম্বর, ২০২০ (আগারগাঁও থেকে মতিঝিল)		
প্যাকেজ সংখ্যা	: ০৮		
প্রকল্পের গুরুত্ব	: Fast Track		
দৈর্ঘ্য	: ২০.১০ কিলোমিটার		
অবকাঠামোর ধরণ	: এলিভেটেড		
রুট এলাইনমেন্ট	: উত্তরা ৩য় পর্ব-পল্লবী-রোকেয়া সরণীর পশ্চিম পার্শ্ব দিয়ে খামারবাড়ী হয়ে ফার্মগেট-হোটেল সোনারগাঁও- শাহবাগ - টিএসসি - দোয়েল চত্বর-তোপখানা রোড-বাংলাদেশ ব্যাংক		
পরিবহন সক্ষমতা	: উভয় দিকে প্রতি ঘন্টার ৬০ হাজার যাত্রী		
মেট্রোরেলের সেট	: ২৪ (প্রতি সেট মেট্রোরেলে ৬টি করে কোচ)		
যাতায়াতের সময়	: ৩৮ মিনিট (উত্তরা থেকে মতিঝিল)		
ফ্রিকোয়েন্সি	: প্রতি ৫ মিনিট পর পর ১টি মেট্রোরেল		
স্টেশনের সংখ্যা	: ১৬		
স্টেশনের নাম	উত্তরা উত্তর	উত্তরা সেন্টার	উত্তরা দক্ষিণ
	মিরপুর-১১	মিরপুর-১০	কাজীপাড়া
	আগারগাঁও	বিজয় সরণী	ফার্মগেট
	শাহবাগ	ঢাকা বিশ্ববিদ্যালয়	বাংলাদেশ সচিবালয়
			মতিঝিল
নির্মাণ কাজের উদ্বোধন	: ২৬ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ		
সার্বিক আর্থিক অগ্রগতি	: ২৫%		